20 APR 2016
১৫ ৫

দৈনিক ইত্তেফাক

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন নভেম্বরে

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন চলতি বছর নভেম্বর মাসে অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গত সোমবার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

যে গ্রাজুয়েটরা অংশগ্রহণ করতে পারবে: ১৯৯৮ থেকে ২০১২ সালের ডিগ্রি পাস পরীক্ষা, ২০০০ থেকে ২০১২ সালের অনার্স ফাইনাল পরীক্ষা, ২০০০ থেকে ২০১২ মাস্টার্স ফাইনাল পরীক্ষা, ২০০৭ থেকে ২০১২ সালের বিবিএ, ২০০৩ থেকে ২০১২ সালের এমবিএ, ২০০৭ থেকে ২০১৩ সালের বি এড (অনার্স), ২০০৬ থেকে ২০১২ সালের এমএড, ২০০৮ থেকে ২০১২ সালের বিএসসি অনার্স ইন কম্পিউটার সায়েন্স, ২০০৭ থেকে ২০১২ সালের বিএফএ (অনার্স), ২০০৯ থেকে ২০১২ সালের বিএফএ (পাস), ২০১০ থেকে ২০১১ সালের ইসিই, ২০০৩ থেকে ২০১২ সালের এলএলবি (ফাইনাল) এবং ২০০৩ থেকে ২০১০ সালের এমএসসি ইন সিএসই এবং পিএইচডি/এমফিল/এমএএ ডিগ্রিপ্রাপ্ত গবেষক।

সমাবর্তনে রেজিস্ট্রেশন বাবদ ২ হাজার ৫শ' টাকা এবং সনদ প্রতি ৫শ' টাকা অনলাইনে সোনালী সেবা, ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এবং ক্রেডিট/ডেবিট কার্ডের মাধ্যমে প্রদান করতে পারবে। সমাবর্তনে অংশগ্রহণ করতে আগ্রহী গ্রাজুয়েটগণ অনলাইনে www.convocation.nu.edu.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ৮ জুন পর্যন্ত আবেদন করতে পারবে। সমাবর্তনে অংশগ্রহণকারীদের চূড়ান্ত তালিকা এবং কোন ভেন্যুতে আসন গ্রহণ করবেন তা যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd)-এ প্রকাশ করা হবে।